# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 11-03-2026** **Time: 7.50 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) দেশে জ্বালানী পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে এবং অযথা আতঙ্কিত হওয়ার কারণ নেই বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে।

পশ্চিম এশিয়ায় উদ্ভূত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে জ্বালানী সমস্যা নিয়ে মুখ্যমন্ত্রী আজ গ্যাস ডিলারদের সঙ্গে বৈঠক করেছেন।

২) পশ্চিমবঙ্গের নতুন রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি আগামীকাল শপথ নেবেন।

৩) আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতির অঙ্গ হিসাবে আজ প্রশিক্ষণ দেওয়া হল জেলার নোডাল পুলিশ অফিসার ও মাস্টার ট্রেনারদের।

৪) আয়ুষ্মান ভারত প্রকল্প কেন এরাজ্যে চালু হচ্ছে না, তা নিয়ে রাজ্যের অবস্থান জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট।

৫) রাষ্ট্রপতিকে অসম্মানের জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে দেশ ও সমাজের কাছে ক্ষমা চাওযার দাবি জানিয়ে চিঠি দিয়েছেন ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী।

৬) নিম্নচাপ অক্ষরেখা এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই আগামী দুদিন হাল্কা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা।

---

দেশে জ্বালানী পরিস্থিতি নিয়ন্ত্রণে বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে। পেট্রোলিয়াম মন্ত্রকের তরফে আজ এক সাংবাদিক বৈঠকে যুগ্ম সচিব সুজাতা শর্মা বলেন, নানারকম খবরের জেরে অনেকেই আতঙ্কিত হয়ে বাড়তি গ্যাস সিলিন্ডার বুক করছেন। তা নিয়ন্ত্রণ করতেই দুটি গ্যাস বুকিং-এর মধ্যে ন্যুনতম ব্যবধান ২১ দিন থেকে বাড়িয়ে ২৫ দিন করা হয়েছে। অযথা ভয় পেয়ে বাড়তি সিলিন্ডার বুক না করার আর্জিও তিনি জানিয়েছেন। যুগ্ম সচিব বলেন, দেশে ঘরোয়া এলপিজি উৎপাদন ২৫ শতাংশ বেড়েছে। বাণিজ্যিক গ্যাসের ক্ষেত্রেও হাসপাতাল এবং জরুরী পরিষেবার ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

বাইট

খনিজ তেলের ক্ষেত্রেও সরবরাহ নিয়ন্ত্রণে বলে যুগ্ম সচিব জানান। তিনি বলেন, দেশে তেলের দৈনন্দিন খরচ প্রায় ৫৫ লক্ষ ব্যারেল। অন্তত ৪০ টি দেশ থেকে খনিজ তেল আমদানি করে ভারত। হরমুজ প্রণালী দিয়ে তেল সরবরাহ ব্যাহত হলেও দেশের ৭০ শতাংশ যোগান অন্য রাস্তা দিয়ে আসছে। কিছু দিনের মধ্যেই তেল বোঝাই আরও দুটি জাহাজ ভারতে এসে পৌঁছবে বলেও তিনি জানিয়েছেন।

---

পশ্চিম এশিয়ার দেশগুলিতে যুদ্ধের জেরে ঘরোয়া এবং বাণিজ্যিক গ্যাসের সংকট তৈরি হওয়ায় উদ্ভূত সমস্যা নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন আজ বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যসচিবদের সঙ্গে কথা বলেছেন। ভার্চুয়াল এই বৈঠকে

উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী ও স্বরাষ্ট্র সচিব জগদীশ প্রসাদ মিনা।

অন্যদিকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ গ্যাস ডিলারদের সঙ্গে বৈঠকে বসেন। পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, রাজ্য সরকার শীঘ্রই একটি মান্য কার্যবিধি এসওপি জারি করবে। জ্বালানী সরবরাহ যাতে বন্ধ করা না হয়, তার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আর্জি জানিয়েছেন মুখ্যমন্ত্রী। পাশাপাশি কালো বাজারি রুখতে পুলিশকে আরও সতর্ক হতে বলেছেন তিনি। কেরোসিনের যোগান যাতে স্বাভাবিক থাকে, সেদিকটি দেখতেও তিনি কেন্দ্রকে অনুরোধ জানিয়েছেন।

বাইট মমতা

জ্বালানী সংকটের সমাধানের পথ খুঁজতে রাজ্য সরকার আগামীকাল নবান্নে বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নেতৃত্বে এই বৈঠকে বিভিন্ন দফতরের আধিকারিক ও পুলিশ প্রশাসনের শীর্ষ নেতৃত্বকে উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

পশ্চিম এশিয়ার দেশগুলিতে যুদ্ধের জেরে জ্বালানি সরবরাহে সংকটের প্রেক্ষিতে সিএনজি-র দাম প্রতি কেজিতে ৫ টাকা বৃদ্ধি পাওয়ায় কলকাতার বিভিন্ন রুটে অটো ভাড়া বেড়েছে বলে পরিবহন দপ্তর সূত্রে জানা গিয়েছে। কলকাতায় প্রতি কেজি সিএনজি গ্যাস ৫৭ টাকা ৬৮ পয়সা থেকে বেড়ে ৬২ টাকা ৬৮ পয়সা হয়েছে বলে সূত্রের খবর।

উদ্ভূত পরিস্থিতিতে IRCTC, হাওড়ার মতো বড় স্টেশনগুলিতে ফুড প্লাজা, ফাস্ট ফুড কর্ণার বা রিফ্রেশমেন্ট রুমগুলিতে খাবার বানানোর জন্যে বিকল্প ব্যবস্থারূপে ইন্ডাকশন ওভেনের ব্যবহারের পরামর্শ দিয়েছে।

এদিকে উত্তর ২৪ পরগণার চিলকা গ্রামে বিশু শেখ নামে এক ব্যক্তির বাড়ি থেকে পুলিশ ১৮ টি গ্যাস সিলিন্ডার উদ্ধার করেছে। এর মধ্যে ১৭ টিই খালি ও একটি ভর্তি গ্যাস সিলিন্ডার। পুলিশ বিশু শেখকে গ্রেপ্তার করেছে। এই রান্নার গ্যাস অটোতে ব্যবহার করা হত বলে জানা গেছে।

কলকাতার পাশাপাশি জেলাগুলি গ্যাস ডিস্ট্রিবিউটরদের কাছেও গ্রাহকদের লম্বা লাইন চোখে পড়েছে। অনেকেরই অভিযোগ এক দুসপ্তাহ আগে বুকিং করা হলেও এখনও সিলিন্ডার সরবরাহ করা হয়নি। ডিস্ট্রিবিউটররা জানিয়েছেন, গুজব ছড়িয়ে পড়ার প্রেক্ষিতে অনেকে আগাম সিলিন্ডার বুকিং করার কারণেই এই বিপত্তি।

-------------------

রান্নার গ্যাস সরবরাহ ও গ্যাসের মূল্য বৃদ্ধির বিষয়টি সম্পর্কে কেন্দ্রকে দায়িত্ব নিতে হবে বলে রাজ্যের মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম মন্তব্য করেন। পুর ভবনে আজ সাংবাদিকদের প্রশ্নের জবাবে ফিরহাদ হাকিম বলেন, গ্যাস নিয়ে হোটেল রেস্তোরা গুলিতেও সমস্যা তৈরি হয়েছে।

বাইট ফিরহাদ

এদিকে গ্যাসের সরবরাহ নিয়ে মানুষের মধ্যে আতঙ্কের সৃষ্টি করা হচ্ছে বলে বিজেপি আজ অভিযোগ করেছে। দলের প্রধান মুখপাত্র দেবজিত সরকার জানিয়েছেন, কেন্দ্রীয় সরকার গ্যাস ও জ্বালানী তেলের সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে কাজ করছে।

বাইট দেবজিত

হরমুজ প্রণালী নিয়ে বাণিজ্যিক জাহাজ চলাচল শুরু না হলে শুধু তেল নয়, আরও বিস্তৃত ক্ষেত্রে এর প্রভাব পড়তে পারে বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছে। উদ্ভূত সংকটের জন্য দেশের বিদেশনীতিকে দায়ী করেছেন তিনি।

--------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় কর্কট রোগ ও তার প্রতিরোধ। আজ শুনবেন দ্বিতীয় পর্ব। বিশিষ্ট ক্যান্সার বিশেষজ্ঞ ড শংকর নাথের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব শুনবেন রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

--------------------

পশ্চিমবঙ্গের নতুন রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি আগামীকাল শপথ নিচ্ছেন। লোক ভবনে এক অনুষ্ঠানে তাঁকে শপথ বাক্য পাঠ করাবেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, তাঁর মন্ত্রিসভার সদস্যরা, রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিশিষ্ট ব্যক্তিদের শপথ গ্রহণ অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছে।

শ্রী রবি আজ সন্ধ্যাতেই চেন্নাই থেকে দিল্লি হয়ে কলকাতায় এসে পৌঁছেছেন। তাঁকে বিমানবন্দরে স্বাগত জানান মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী, দমকল মন্ত্রী সুজিত বসু, রাজ্য পুলিশের ডিজি, কলকাতার পুলিশ কমিসনার।

--------------------

রাজ্যে আসন্ন নির্বাচনের প্রস্তুতিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের উদ্যোগে আজ জেলা নোডাল পুলিশ অফিসার ও মাস্টার ট্রেনারদের নিয়ে বিশেষ প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। ঘন্টা তিনেকের এই প্রশিক্ষণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এবং কমিশন নিযুক্ত পুলিশ অবজার্ভার ও অন্যান্য আধিকারিকেরা।

প্রশিক্ষণ কর্মসূচিতে নির্বাচনী বিধি, নির্বাচনী আইন, সাম্প্রতিক নির্দেশিকা এবং ভোট পরিচালনার বিভিন্ন প্রশাসনিক খুঁটিনাটি বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

নির্বাচনকে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা রক্ষায় নজরদারির কৌশল নিয়েও আলোচনা হয়েছে। প্রতিটি জেলায় এবং মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে কন্ট্রোল রুম খোলা হবে বলে জানানো হয়েছে। কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে সমন্বয়ের বিষয়ে মুখ্য নির্বাচনী আধিকারিক বলেন, রাজ্য পুলিশের পাশাপাশি কেন্দ্রীয় বাহিনীও মোতায়েন করা হয়েছে। তাদের সঙ্গে কাজ করার জন্য একটি নির্দিষ্ট সমন্বয় কাঠামো তৈরি করা হয়েছে। পুলিশ অবজার্ভারদের তরফে এ বিষয়ে একটি স্ট্যান্ডার্ড অপারেটিং প্রোসিডিওরও দেওয়া হয়েছে।

তিনি আরও জানান, রাজ্যের প্রতিটি বুথ এলাকার পরিদর্শনের উপর জোর দেওয়া হয়েছে। ‘বুথ ভিজিট’ বলতে নির্দিষ্ট বুথের আশপাশের এলাকা পরিদর্শনকে বোঝানো হয়েছে। এই কাজের জন্য ইতিমধ্যেই রাজ্যে ৪৮০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এসেছে, যারা রাজ্য পুলিশের সঙ্গে সমন্বয় করে কাজ করছে।

--------------------

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে পশ্চিম মেদিনীপুর জেলায় কেন্দ্রীয় বাহিনীর মোতায়েন শুরু হয়েছে। নির্বাচন ঘোষণার আগেই জেলায় নিরাপত্তা জোরদার করতে কেন্দ্রীয় বাহিনীর মোট এগারোটি কোম্পানি পৌঁছেছে বলে প্রশাসন সূত্রে জানা গিয়েছে। সাতটি কোম্পানিকে ইতিমধ্যেই পশ্চিম মেদিনীপুর জেলার বিভিন্ন এলাকায় মোতায়েন করা হয়েছে। এদিন খড়গপুরের নিমপুরা ফাঁড়ি এলাকায় কেন্দ্রীয় বাহিনীর একটি কোম্পানি রুট মার্চও করে। উত্তর কলকাতায় শ্যামপুকুর, বৌবাজার, তালতলা, মুচিপাড়া থেকে শুরু করে দক্ষিণ কলকাতায় রাসবিহারী বা টালিগঞ্জ দিনের বিভিন্ন সময় কেন্দ্রীয় বাহিনী টহল দিচ্ছে।

--------------------

আয়ুষ্মাণ ভারত প্রকল্প কেন এ রাজ্যে চালু হচ্ছে না সেই নিয়ে রাজ্যের অবস্থান জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট। ৪ সপ্তাহের মধ্যে রাজ্যকে তা হলফনামা দিয়ে জানাতে হবে বলে নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চ। ২ সপ্তাহের মধ্যে জবাবি হলফনামা দিয়ে পালটা বক্তব্য জানাতে পারবেন আবেদনকারী বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য।

রাজ্য এর তরফে আজ আদালতে জানানো হয় এ বিষয়ে বক্তব্য জানাতে সময় দিতে হবে। সেই মতই আদালত চার সপ্তাহ সময় দিয়েছে।

উল্লেখ্য, শমীক ভট্টাচার্য এই মামলায় আর্জি জানিয়েছিলেন যে

ভারত সরকারের এই জনমুখী প্রকল্প এর সুবিধে দেশের অন্যান্য রাজ্যের মানুষ পেলেও পশ্চিমবঙ্গের মানুষ তা থেকে বঞ্চিত।রাজ্য ২০১৮র ২৩ সেপ্টেম্বর মৌ সাক্ষর

করে কিন্তু ২০১৯ এ তা তুলে নেয় ।ফলে এ রাজ্যের মানুষ এই প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন।

--------------------

রাষ্ট্রপতিকে অসম্মানের জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে দেশ ও সমাজের কাছে ক্ষমা চাইতে হবে বলে ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণুদেব সাই মন্তব্য করেছেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী কে লেখা এক চিঠিতে ছত্রিশগড়ের মুখ্যমন্ত্রী বলেছেন, জনজাতি সমাজ থেকে আসা রাষ্ট্রপতির সম্মানের সঙ্গে দেশের অস্মিতা ও আত্মাভিমান জড়িয়ে রয়েছে। রাষ্ট্রপতির প্রতি এই ধরনের ব্যবহার শুধুমাত্র একজন ব্যক্তিকে নয়, দেশের সংবিধানিক সংস্থা, আদিবাসী সমাজ এবং মাতৃশক্তির অপমান। রাষ্ট্রপতির মত সর্বোচ্চ সাংবিধানিক পদের অপমান গণতান্ত্রিক শিষ্টাচারের পরিপন্থী। এই ঘটনা অত্যন্ত নিন্দনীয় এবং দুর্ভাগ্যজনক। চিঠিতে শ্রী সাই, সন্দেশখালিতে আদিবাসী মহিলাদের উপর অত্যাচারেরও নিন্দা করেন।

--------------------

নিম্নচাপ অক্ষরেখা এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকার কারণে উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই আগামী দুদিন হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামী ২৪ ঘণ্টায় রাজ্যের দু এক জায়গায় হালকা বৃষ্টি হতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

বাইট

-------------------- --------------------